স্নাতক পাঠক্রম (B.D.P.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (Term End Examination) :

ডিসেম্বর, ২০১২ ও জুন, ২০১৩

বাংলা (Bengali)

ঐচ্ছিক পাঠক্রম (Elective)

তৃতীয় পত্র (3rd Paper : **Kabya : Prachin O Adhunik**)

সময় ঃ চার ঘণ্টা **পূর্ণমান ঃ ১০০**

(মানের গুরুত্ব ঃ ৭০%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন ঃ ২০ × ২ = ৪০

(ক) ‘রাধা বিরহ’ অংশে রাধার বিরহ যন্ত্রণার অনুষঙ্গে রাধার চারিত্রিক বৈশিষ্ট্য বড়ু চণ্ডীদাস যেভাবে তুলে ধরেছেন তার পরিচয় দিন।

(খ) ‘‘তাতল সৈকত বারিবিন্দু সম
সুত-মিত-রমণী-সমাজে।’’
— পদটি কার রচনা ? কোন্ পর্যায়ের পদ ? পদটির ভাবসংক্ষেপ ও কাব্য-মূল্যায়ন করুন।

(গ) রাবণের প্রতি মারীচের সুমন্ত্রণাদান অংশটি তুলে ধরে রাবণ ও মারীচের চরিত্রগত পার্থক্য নির্দেশ করুন।

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

(ঘ) ‘মেঘনাদ বধ’ কাব্যের ষষ্ঠ সর্গে বর্ণিত মেঘনাদের শৌর্য-বীর্যের পরিচয় দিন।

(ঙ) ‘অমৃত’ কবিতাটি কোন্ কাব্যের অন্তর্গত ? কবিতাটির মর্মার্থ লিখুন।

(চ) ‘দারিদ্র্য’ কবিতাটি রচনার প্রেক্ষাপট সংক্ষেপে তুলে ধরে এই কবিতায় হতাশার মধ্যেও যে আশাবাদী ও জীবনবাদী সুর ধ্বনিত হয়েছে, তার মূল্যায়ন করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন ঃ ১২ × ৩ = ৩৬

(ক) শবরপাদের ২৮ সংখ্যক পদে আদিবাসীদের দাম্পত্য জীবনের চিত্র কীভাবে প্রকাশ পেয়েছে ব্যাখ্যা করুন।

(খ) বড়ু চণ্ডীদাসের ‘শ্রীকৃষ্ণকীর্তন’ কাব্যের ‘রাধাবিরহ’ অংশটি প্রক্ষিপ্ত কি না তথ্য সহ বিচার করুন।

(গ) পদাবলীর চণ্ডীদাসের কবি বৈশিষ্ট্য তুলে ধরে উদ্ধৃতিসহ তাঁর মূল্যায়ন করুন।

(ঘ) বৃন্দাবন দাসের ‘চৈতন্যভাগবত’-এর ‘শৈশব ক্রীড়া বর্ণন’ অংশে ‘হাতেখড়ি’ থেকে শুরু করে পিতার কাছে ‘ছলপড়া’ পর্যন্ত শ্রীচৈতন্যের বাল্যলীলার নানা মধুর চিত্র দেখা যায়। — সেগুলি বিবৃত করুন।

(ঙ) কাব্যের বিষয়গত ও গঠনভিত্তিক শ্রেণিবিভাগ করে সে সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করুন।

(চ) ‘মেঘনাদ বধ’ কাব্যের রস বিচার করুন।

(ছ) ‘শঙ্খ’ কবিতায় মানবাত্মার জয়ধ্বনি দিক্‌দিগন্তে ছড়িয়ে দেবার জন্য কবি যে উদাত্ত আহ্বান জানিয়েছেন তার স্বরূপ উদঘাটিত করুন।

(জ) ‘ভিখিরি’ কবিতায় মানুষের জীবন ও মূল্যবোধের যে অবক্ষয় সূচিত হয়েছে, তার পরিচয় দিন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন ঃ ৬ × ৪ = ২৪

(ক) চর্যাপদের ৩৩ সংখ্যক পদ 'টালত মোর ঘর' এর গূঢ়ার্থ সংক্ষেপে লিখুন।

(খ) নিচের শব্দগুলির অর্থ লিখুন :

পুচ্ছিঅ, ধামার্থে, অহেরী, মৌলিল, টালত, ষিআলা।

(গ) ''যবেঁ ডুবিআঁ মরোঁ যমুনা তরঙ্গে।
তবে লয়িবোঁ গিআঁ কাহ্নের সঙ্গে।।''

— কে, কাকে কথাটি বলেছে ? এখানে বক্তার কোন্ মানসিক অবস্থা প্রকাশ পেয়েছে ? ১ + ১ + ৪

(ঘ) ''সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু
অমলে পুড়িয়া গেল।''

— পদটি কার রচনা ? এটি কোন্ পর্যায়ের পদ ? উদ্ধৃতাংশটি ব্যাখ্যা করুন। ১ + ১ + ৪

(ঙ) 'অরণ্যকাণ্ড'-এ মারীচের জন্য আমাদের সহানুভূতি ও দুঃখ যুগপৎ কেন প্রকাশ পায় তা বিচার করুন।

(চ) বৃন্দাবনদাস ছাড়া বাংলা ভাষায় যাঁরা চৈতন্যজীবনীগ্রন্থ লিখেছেন গ্রন্থসহ তাঁদের নামোল্লেখ করুন।

(ছ) মহাকাব্য কাকে বলে ? মহাকাব্য সম্পর্কে প্রাচ্য ও পাশ্চাত্য আলংকারিকদের বক্তব্য একটি অনুচ্ছেদে প্রকাশ করুন।

(জ) রচনাকাল উল্লেখ করে মধুসূদন দত্তের তিনখানি কাব্য ও তিনখানি নাটকের নাম লিখুন।

(ঝ) ''সাষ্ঠাঙ্গে প্রণামি শূর'' — আটটি অঙ্গের নাম লিখুন। এভাবে প্রণামের কারণ কী উল্লেখ করুন।

(ঞ) ''দেখে যেন মনে হয় চিনি উহারে'' — উদ্ধৃতাংশটির তাৎপর্য ব্যাখ্যা করুন।

(ট) ''তোমার কন্ঠে রাখিয়া এসেছি মোর কন্ঠের গান'' উদ্ধৃতাংশটির অর্থ ও তাৎপর্য বুঝিয়ে দিন।

(ঠ) 'বিড়াল' সম্পর্কে প্রচলিত ভাবানুষঙ্গ সংক্ষেপে বর্ণনা করুন।